

## **া** সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৪৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মানুষের জন্য ওয়াজিব হলো সূর্য ও চন্দ্র গ্রহণ প্রত্যক্ষ করার মাধ্যমে বরকত লাভ করবে; হয়তো আল্লাহর কাছে তাওবা করবে নতুবা নিজের জন্য ভালো কোন আমল করবে

ذِكْنُ مَا يَجِبُ عَلَى الْمَرْءِ أَنْ يتبرَّك بِرُولْيَةِ كُسُوفِ الشَّمْسِ وَالْقَمَرِ فَيُحْدِثُ لِلَّهِ تَوْيَةً أَقْ يُقَدِّمُ لِنَفْسِهِ طَاعَةً

## আরবী

2843 \_ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا مُعَاوِيَةُ بْنُ هِشَامٍ قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ عَنِ الْأَعْمَشِ عَنْ إِبْرَاهِيمَ عَنْ عَلْقَمَةَ عَنْ عَبْدِ اللَّهِ مُعَاوِيَةُ بْنُ هِشَامٍ قَالَ: كُنَّا نَرَى الْآيَاتِ فِي زَمَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَرَكَاتٍ وَأَنْتُمْ تَرَوْنَهَا تَحْويفاً. قَالَ: كُنَّا نَرَى الْآيَاتِ فِي زَمَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَرَكَاتٍ وَأَنْتُمْ تَرَوْنَهَا تَحْويفاً. الراوي: عَبْد اللَّهِ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2843 | خلاصة حكم المحدث: صحيح

قَالَ أَبُو حَاتِمٍ ـ رَضِيَ اللَّهُ عَنْهُ ـ: خَبَرُ حَبِيبِ بْنِ أَبِي ثَابِتٍ عَنْ طَاوُسٍ عَنِ ابْنِ عَبَّاسٍ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَّى فِي كُسُوفِ الشَّمْسِ ثَمَانِيَ رَكَعَاتٍ وَأَرْبَعَ سَجَدَاتٍ لَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَّى فِي كُسُوفِ الشَّمْسِ ثَمَانِيَ رَكَعَاتٍ وَأَرْبَعَ سَجَدَاتٍ لَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ طَاوُسٍ هَذَا الْخَبَرَ لَيْسَ بِصَحِيحٍ لِأَنَّ حَبِيبًا لَمْ يَسْمَعْ مِنْ طَاوُسٍ هَذَا الْخَبَرَ

وَكَذَلِكَ خَبَرُ عَلِيّ رِضْوَانُ اللَّهُ عَلَيْهِ أَنَّهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَّى فِي صَلَاةِ الْكُسُوفِ هَذَا النَّحْوَ لَأَنَا لَا نَحْتَجَّ بِحَنَشٍ وَأَمْثَالِهِ مِنْ أَهْلِ الْعِلْمِ وَكَذَلِكَ أَغْضَينا عَنْ إِمْلَائِهِ.

## বাংলা

২৮৪৩. আব্দুল্লাহ বিন মাস'উদ রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সময়কালে নিদর্শনগুলোকে বরকত মনে করতাম আর তোমরা সেগুলোকে ভীতিকর মনে করো।"[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "তাউসের সূত্রে ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহুমা থেকে হাবীব বিন আবূ সাবিতের হাদীস হলো নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূর্য গ্রহণের সালাত আট রুকু' ও চার সাজদা



করে সালাত আদায় করেছেন। এটি সহীহ নয়। কেননা হাবীব তাউস রহিমাহুল্লাহ থেকে এই হাদীসটি শ্রবণ করেননি। এরকম সূর্য গ্রহণের সালাতের বিষয়ে আলী রাদ্বিয়াল্লাহু আনহুর হাদীসটিও সঠিক নয়। কেননা আমরা জানাশ এবং তার মতো আহলুল ইলম থেকে যেমন দলীল গ্রহণ করি না, অনুরুপভাবে তার হাদীস আমরা লিপিবদ্ধ করা থেকেও বিরত থাকি।"

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৩৯৬; সহীহুল বুখারী: ৩৫৭৯; দারেমী: ১/১৪-১৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ২৮৪৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন